




স্মারক নং ৪১.০৩.০০০০.০৮০.১৪.২০৪(১).২১-২৩৬২

তারিখঃ ০৯ ডায়, ১৪২৯ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বহুতল বিশিষ্ট “সমাজকল্যাণ ভবন নির্মাণ” প্রকল্প পরিদর্শন প্রতিবেদন

গত ২৪-০৮-২০২২ খ্রিঃ তারিখে ১৩২, নিউ ইফাটন, ঢাকা-১০০০ ঠিকানায় বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্দেশক্রমে নির্মাণাধীন বহুতল বিশিষ্ট “সমাজকল্যাণ ভবন” নির্মাণ প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা। পরিদর্শনকালে পরিষদের উপপরিচালক (প্রশাসন) জনাব ভবেন্দ্র নাথ বাউড়, তখন নির্মাণকারী প্রতিষ্ঠানের প্রজেক্ট ম্যানেজার জনাব মোঃ সায়েদুর রহমান উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে দেখা যায় যে, নির্মাণাধীন সমাজকল্যাণ ভবনের ৩টি বেজমেন্টসহ উপরের ৩টি ফ্লোরের ছাদ নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে ৪র্থ তলার ছাদ ঢালাইয়ের জন্য রড বাঁধাইয়ের কাজ চলছে। নির্মিত ফ্লোর গুলোতে একই সাথে অভ্যন্তরীণ দেওয়াল নির্মাণ এবং প্লাস্টারের কাজ চলমান রয়েছে। প্রজেক্ট ম্যানেজার জানান যে, প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে এবং প্রকল্পের বর্তমান কাজের বাস্তব অগ্রগতি ৩৫% থেকে ৪০%। তিনি আরও জানান যে, বর্তমান গতিতে নির্মাণ কাজ অব্যাহত থাকলে প্রতি মাসে ২’টি করে ফ্লোরের ছাদ ঢালাই সম্ভব হবে।



চিত্র: ২৪.০৮.২০২২ তারিখের নির্মাণাধীন সমাজকল্যাণ ভবন

মন্তব্যঃ

- ০১। বহুতল বিশিষ্ট “সমাজকল্যাণ ভবন” নির্মাণ কাজ সিডিউল মোতাবেক দ্রুত সম্পন্ন করার জন্য প্রধান প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ করা হয়।
- ০২। নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে অতিরিক্ত শ্রমিক নিয়োগের জন্য নির্মাণকারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়।
- ০৩। নির্মাণ কাজে স্থানীয় জনসাধারণের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করে নির্মাণ কাজ করার জন্য নির্মাণকারী প্রতিষ্ঠানের স্বজাধিকারীকে অনুরোধ জানানো হয়।
- ০৪। প্রকল্পের কাজের অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালকের কার্যালয়কে নিয়মিত অবহিত করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান ও নির্বাহী প্রকৌশলী ঢাকা, গণপূর্ত বিভাগ-৪ কে অনুরোধ করা হয়।

(Signature)
২৪.০৮.২০২২

মোহাম্মদ জসিম উদ্দিন

নির্বাহী সচিব (যুগ্মসচিব)

ও প্রকল্প পরিচালক

ফোনঃ ০২-২২২২২৮১২৫

E-mail : bnswcbbd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (পারিকল্পনা, উন্নয়ন এবং আইন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৪. উপপরিচালক(প্রশাসন/মূল্যায়ন), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ১৫ আব্দুল গণি রোড, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, ওয়াহিদ কনস্ট্রাকশন লিঃ মহাখালী, ঢাকা।
৭. কম্পিউটার অপারেটর/ডাটা এন্ট্রি অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ(পরিষদের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি